

স্মারক নং- ইআবি/রেজি:/বিবিধ/২০১৫/১৫২০

তারিখ: ০৪ শ্রাবন, ১৪২২ বঙ্গাব্দ  
১৯ জুলাই, ২০১৬ খ্রিস্টাব্দ


**বিষয় : ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত “সন্ত্রাসবাদ প্রতিরোধে আলিমদের ভূমিকা” শীর্ষক আলোচনা সভায় যোগদান প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত ফাযিল ও কামিল মাদরাসার অধ্যক্ষগণকে এই মর্মে অবগত করা যাচ্ছে যে, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে আগামী ২৭/০৭/২০১৬ ইং তারিখ বেলা ১১.০০ (এগার) টায় “সন্ত্রাসবাদ প্রতিরোধে আলিমদের ভূমিকা” শীর্ষক আলোচনা সভা কৃষিবিদ ইনিস্টিটিউশন বাংলাদেশ, খামারবাড়ী রোড, ফার্মগেইট, ঢাকায় আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি. উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। মূখ্য আলোচক হিসাবে উপস্থিত থাকবেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের মাননীয় চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান ও বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় সচিব জনাব মো: সোহরাব হোসাইন। এছাড়াও দেশের শীর্ষ স্থানীয় ওলামা-মাশায়খ উপস্থিত থাকবেন।

সভায় সভাপতিত্ব করবেন ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ (আহসান সাইয়েদ)।

উক্ত সভায় ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ফাযিল ও কামিল মাদরাসার অধ্যক্ষগণকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

  
২৯/৭/২০১৬  
(মো: রোশন খান)  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ  
সকল ফাযিল ও কামিল মাদরাসা।